



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০



বিষয়ঃ পিআইবি'র নৈতিকতা কমিটির ডিসেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|------------|---|
| সভাপতি | মোহাম্মদ আফরাজুর রহমান পরিচালক (প্রশাসন) |
| সভার তারিখ | ৩১.১২.২০২০ খ্রি. |
| সভার সময় | সকাল ১১:০০ |
| স্থান | পরিচালক (প্রশাসন)-এর দপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়নের বিষয়ে উপস্থাপনের জন্য নৈতিকতা কমিটির সদস্য-সচিব ও উপপরিচালক (প্রশাসন), চ.দা-কে আহ্বান জানান। সেই অনুসারে উপপরিচালক (প্রশাসন), চ.দা প্রথমে সেপ্টেম্বর ২০২০ মাসে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত ও এগুলোর বাস্তবায়ন অগ্রগতিসহ শুদ্ধাচার কর্মপরিকল্পনা ক্রমানুসারে উপস্থাপন করেন। তিনি জানান, শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সকল কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ নির্ধারিত সময়ে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৫/০১/২০২১ তারিখের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। তিনি আরো জানান, দ্বিতীয় প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর ২০২০) আচরণ বিধিমালা ১৯৭৯, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮, সচিবালয় নির্দেশমালা ২০১৪ এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। এছাড়া জাতীয় শুদ্ধাচার বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় সভাও অনুষ্ঠিত হয়েছে।

পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) সকল বিভাগের বাথরুমে হ্যান্ডওয়াশ প্রদান করা, বাগানে হাসনাহেনা গাছ লাগানো এবং এগুলো উত্তম চর্চার তালিকায় অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান।

মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মো. আফতাব উদ্দীন ভূঁঞা জানান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী পিআইবি'র ওয়েবসাইটে শুদ্ধাচার সেবা বক্স, তথ্য অধিকার সেবা বক্স, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবা বক্স হালনাগাদ করা হয়েছে।

জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বিস্তারিত আলোচনান্তে সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার আহ্বান জানান। আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ আফরাজুর রহমান
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০১.২০.১

তারিখ: ২০ পৌষ ১৪২৭
০৪ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান, পরিচালক, গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ ও সদস্য, নৈতিকতা কমিটি, পিআইবি
- ২) শাহেলা আক্তার, সহকারী সম্পাদক (ফিচার), প্রকাশনা ও ফিচার বিভাগের প্রতিনিধি
- ৩) উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ ও সদস্য-সচিব, নৈতিকতা কমিটি, পিআইবি
- ৪) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) ও সদস্য, নৈতিকতা কমিটি, পিআইবি

মো. জাকির হোসেন
উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)